# বাড়িতেই স্টেকেশন

জমাটি ছুটির মেজাজ। দূরে নয়, নিজের বাড়িতেই। কীভাবে প্ল্যান করবেন? হদিশ দিলেন

পরমা দাশগুপ্ত



ছুটি!
ব্যস্ত ছুটের জীবন থেকে চুরি করে নেওয়া একটু আলসেমি, একটু অন্যরকম স্বাদ, আর একমুঠো অক্সিজেন।

ছুটি মানেই পায়ের তলায় সর্ষে নিয়ে টুক করে বেরিয়ে পড়তে অভ্যস্ত যাঁরা, তাঁদের কথা আলাদা। কিন্তু এমন তো অনেকেই আছেন, যাঁদের মনটা পালাই পালাই করলেও লাগাতার পরিশ্রম পেরিয়ে ছুটির সময়টা এলেই ঘিরে ধরে একরাশ ক্লান্তি। মনটা বেরিয়ে পড়তে চাইলেও শরীর দেয় না আর। তাই বলে কি ছুটির মজা থেকে বাদ পড়বেন?

মোটেই না! উল্টে বরং ছুটির ঠিকানাকেই নিয়ে আসুন নিজের বাড়ির চার দেওয়ালের মধ্যে। চেনা আরামেই মিশে যাক ছুটি কাটানোর আহ্লাদ। যাকে বলে বাড়িতেই ভেকেশন! ভাবছেন কীভাবে? চেনা জানা পরিসরেই একটু ওলটপালট হোক। সঙ্গে থাকুক আলসেমি আর ছুটির আমেজে ডুব দেওয়ার যাবতীয় উপকরণ।

### ঘরের ভোলবদল

- বাড়িটা সারা বছর যেমন থাকে, এসময়টায় একটু পাল্টে নিন তার চেহারা। ধরা যাক, বিছানার চাদর-কুশন কভার, পর্দা-টেবিল ক্লথগুলো বদলে একটু উজ্জ্বল রঙের ছোঁয়া দিন তাতে। হলুদ, কমলা, সবুজ, লালের নানা রকম শেড ঘরের মুডটাই আমূল পাল্টে দিতে পারে।
- একটু অন্য রকমের শো-পিস, হাতের কাজ, পেন্টিং কিংবা ছবিতে ধরা পছন্দের মুহূর্তগুলোর কোলাজ, ফুলদানি আর তাজা ফুলে ঘর সাজাতে পারেন।
- বারান্দার একটা কোণে কিংবা নিজের বাড়ি হলে ছাদের একটা ছোট্ট অংশে বেতের মোড়া দিয়ে বসার ব্যবস্থা করুন। যে বইগুলো সারাবছর পড়ি পড়ি করেও পড়া হয়ে উঠছিল না, সেগুলো পাশেই একটা ছোট্ট বুককেসে রাখুন একেবারে হাতের কাছে। পাশের দেওয়ালে হাওয়ায় দুলুক অর্কিড কিংবা লতানে গাছ। অথবা থাক পাতাবাদার কিংবা প্রিয় ফুলের টব। চাইলে একটা ছোট্ট টেবিলে চায়ের ব্যবস্থাও রাখতে পারেন। একটা ইলেকট্রিক কেটলি, চা-কফির পাউচ আর কাপ। এই তো!

### মনের খোরাক

- গান ভালবাসেন? ছুটির উইকএন্ডটা না হয় সারাদিন গানই শুনলেন ইচ্ছেমতো! প্লে-লিস্ট বানিয়ে ফেলুন আগেই। উঁহু, ফোনে নয়। পুরনো টেপরেকর্ডার, সিডিপ্লেয়ার বা গ্রামোফোন থাকলে ধুলো ঝেড়ে বার করে ফেলুন। সঙ্গে ক্যাসেট, সিডি বা রেকর্ডগুলোও। সারিয়ে নিন দরকারে।
- ছবি আঁকতে ভালবাসতেন, ক্রাফটও। এদিকে শেষ কবে রং তুলি বা কাগজ-কাঁচি নিয়ে বসেছেন, খেয়াল নেই, তাই তো? এই ছুটিটায় বসে দেখবেন নাকি নতুন করে?
- সারাক্ষণ তো মোবাইলেই ছবি উঠছে দেদার। ছুটির দিনগুলোয় বরং ছবি তুলুন পুরনো ডিজিটাল ক্যামেরা, হ্যান্ডিক্যামটায়। বাড়িতেও সাবজেক্টের অভাব নেই কিন্তু। সপরিবারে ছুটির একটা ছোট্ট ভিডিও ফিল্ম হলে কেমন হয়? আগামীতে সেটা ফিরে দেখতে মন্দ লাগবে না কিন্তু!
- আর হ্যাঁ, আগেভাগে বেছে রাখুন পছন্দের বইগুলো। ল্যাপটপ আর স্মার্টফোনের স্ক্রিন যে হারে সময় গিলে খায় রোজ, নিশ্চয়ই অনেকদিন ধরেই জমছে না-পড়া বইয়ের স্তূপ। এই সুযোগে মোবাইল-ল্যাপটপকে একটু ছুটি দিয়ে পড়েই ফেলুন!

### সাধের হেঁশেল

- বছর কাটে একঘেয়ে খাবারে। ছুটির দুটো দিন একটু অন্যরকম হোক তবে? আজকাল তো ইউটিউব কিংবা সোশ্যাল মিডিয়া খুললেই রেসিপির ছড়াছড়ি। সে খাঁটি বাঙালি হোক বা অন্য প্রদেশ অথবা একেবারে ভিনদেশি খানা— ইচ্ছে করলে বানিয়ে ফেলতে আর কতক্ষণ?
- ছুটি মানে রান্নাঘরেও ছুটি? কুছ পরোয়া নেই! রাজ্যের রেস্তোরাঁ, ক্যাফে বা ক্লাউড কিচেনগুলো আছে কী করতে। মন যা চায়, খেলেই হল!

### আলসেমির আরাম

- ছুটি মানেই শরীরটাও একটু আরাম চায়। ত্বক, চুলও একটু যত্নের অপেক্ষায় থাকে। বিভিন্ন সংস্থা বা প্ল্যাটফর্ম বাড়িতে ম্যাসাজ, স্পা বা বিউটি ট্রিটমেন্টের পরিষেবা দেয়। ফোনে বা ইন্টারনেটে বুক করে নিন। তারপর শরীর, ত্বক থেকে চুল, সবারই যত্ন হোক একেবারে আলসে মেজাজে।
- সিনেমা কিংবা সিরিজ দেখবেন? আগে থেকেই ঠিক করে রাখুন তার লিস্ট। তারপর সোফায় কিংবা ডিভানে গা এলিয়ে বাড়ির স্মার্ট টিভিতে কিংবা হোম থিয়েটারে বিঞ্জ ওয়াচ। তার স্বাদই আলাদা!





### আড্ডায় মাতোয়ারা

- বাড়ির মানুষগুলোর সঙ্গে শেষ কবে জমিয়ে গল্প করেছেন? আজকাল তো সবারই দিন কাটে মোবাইলে চোখ সেঁটে। ডিনার টেবিলে কথা হয় না আর। বরং তখন বন্ধু কিংবা কলিগের পাঠানো মিমে হাসেন, গড়গড়িয়ে আঙুল ছোটে সোশ্যাল মিডিয়ার পাতায়। এই মওকায় বরং মোবাইলটাকেও ছুটি দিন। বাড়ির সবাই জমিয়ে একটু গল্প করুন। পুরনো সব কথা হোক।
- ভাবছেন বন্ধুরা এলেও বেশ হয়? হোক না! একটা দিন সন্ধেটা তোলা থাক হাউস পার্টির জন্য। তারপর জমজমাট আড্ডা, গান, খাওয়াদাওয়া। সঙ্গে হাসির ফোয়ারা!

কে বলেছে ছুটি মানেই বাইরে ছুটতে হবে? বাড়িটাই যদি হয় ছুটির ঠিকানা, সে-ও কম জমাটি হবে না কিন্তু!

# প্রযুক্তির নতুন চমক

## ২০২৬-এ জীবন আরও স্মার্ট! দৈনন্দিন কাজ সহজ করতে বাজারে নতুন প্রযুক্তির গ্যাজেট



প্রতিনিয়ত বদলে যাচ্ছে প্রযুক্তির জগৎ। আজকাল জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ, সবেতেই প্রযুক্তির দখলদারি। একদিকে গোটা পৃথিবীকে হাতের মুঠোয় এনে দিয়েছে ডিজিটাল মাধ্যম, অন্যদিকে নিত্যনতুন আবিষ্কার আমাদের দৈনন্দিন জীবনকে করে তুলছে আরও সহজ ও আধুনিক। আগে যে কাজগুলো করতে অনেক সময় ও পরিশ্রম লাগত, এখন আধুনিক গ্যাজেটের সাহায্যে সেগুলো মুহূর্তের মধ্যেই করা সম্ভব।

বিশেষজ্ঞদের মতে, আগামী দিনে প্রযুক্তির প্রভাব আরও বাড়বে। কৃত্রিম বুদ্ধিমত্তা ও রোবোটিক্সের দৌলতে এমন কিছু অভিনব গ্যাজেট আসতে চলেছে, যা প্রযুক্তির দুনিয়ায় নতুন দিশা দেখাতে পারে। বিনোদন, যোগাযোগ, স্বাস্থ্য কিংবা দৈনন্দিন অভ্যাস- প্রায় সব ক্ষেত্রেই নতুন প্রযুক্তির গ্যাজেট গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। এর মধ্যে কিছু ইতিমধ্যেই বাজারে এসেছে, আর কিছু খুব শিগগিরই আসতে চলেছে। রইল সেইসব গ্যাজেটের হদিশ।

### স্মার্ট হোম রোবট

প্রায়ই পরিচারিকা না বলে কয়ে ছুটি নিয়ে নেন? আর তাতেই অফিস, বাড়ি সামলিয়ে হিমশিম খেতে হয়? ভবিষ্যতে এই সমস্যা থেকেই রেহাই দেবে রোবট। শিগগিরিই আপনার হাতের নাগালে চলে আসবে হোম রোবট যা আপনার নির্দেশ বুঝে ঘর পরিষ্কার করা থেকে জিনিসপত্র এনে দেওয়া বা ঘরের নিরাপত্তা নজরদারি করার মতো কাজ নিমেষে করতে পারবে।

### হাই-স্পিড এয়ার ডাস্টার

কম্পিউটারের কিবোর্ড, ল্যাপটপ, ক্যামেরা কিংবা গাড়ির ড্যাশবোর্ডের ধুলো জমে গেলে সাধারণ কাপড় দিয়ে পরিষ্কার করা বেশ ঝক্কির। সেই কাজই সহজ করে দেয় হাই-স্পিড এয়ার ডাস্টার। ছোট আকারের এই পরিষ্কার করার যন্ত্র জোরালো বাতাসের সাহায্যে ধুলো উড়িয়ে দেয়। ফলে খুব তাড়াতাড়ি এবং সহজেই ধুলো পরিষ্কার করা যায়।

### ললিপপস্টার

এবার ক্যান্ডির স্বাদের সঙ্গে মিলবে গান শোনার সুযোগও। ভাবতে যতই অবাক লাগুক, অত্যাধুনিক এক গ্যাজেটের দৌলতে এমনই সুবিধা পেতে পারেন। ললিপপস্টার। দেখতে সাধারণ ক্যান্ডির মতো, তবে এর ভেতরে রয়েছে বিশেষ প্রযুক্তি। এই ললিপপ মুখে রাখলে ‘বোন কন্ডাকশন’ পদ্ধতিতে কম্পনের মাধ্যমে শব্দ সরাসরি কানে পৌঁছয়। ফলে আপনি ক্যান্ডি খেতে খেতেই পছন্দের গান শুনতে পারবেন।

### সিঁড়ি ওঠা রোবট ভ্যাকুয়াম ক্লিনার

সাধারণ রোবট ভ্যাকুয়াম মেঝে পরিষ্কার করতে পারে, কিন্তু সিঁড়ি উঠতে পারে না। নতুন এই রোবটের বিশেষ চাকা ও ছোট ‘পা’ রয়েছে, যার সাহায্যে দিব্যি সিঁড়ি বেয়ে উঠে চটজলদি পুরো বাড়ি পরিষ্কার করতে পারবে এই রোবট।

### সুইকার

ডিমের মতো দেখতে এই ডিভাইসটি সময়ের সঙ্গে সঙ্গে ‘ফুটে’ বের হয় এবং ছোট একটি ডিজিটাল পোষা প্রাণীতে পরিণত হয়। দিব্যি আপনার সঙ্গে কথা বলতে পারে, আচরণ শিখতে পারে এবং সময়ের সঙ্গে বদলাতেও পারে এই যন্ত্রটি।

### স্মার্ট ইউরিন টেস্ট কিট

স্বাস্থ্য পরীক্ষাও এখন আরও সহজ।



স্মার্ট ইউরিন টেস্ট কিট প্রস্রাবের নমুনা বিশ্লেষণ করে শরীরের পুষ্টির অবস্থা, জলের ঘাটতি বা অন্যান্য স্বাস্থ্যসংক্রান্ত তথ্য মোবাইল অ্যাপে দেখিয়ে দিতে পারে।

**এআই হেয়ার কাটার মেশিন** যাঁরা বাড়িতেই চুল কাটতে চান, তাঁদের জন্য বেশ উপকারী হতে পারে এআই হেয়ার কাটার মেশিন। এই ডিভাইস মাথার আকার বিশ্লেষণ করে সঠিকভাবে চুল কাটতে সাহায্য করে।

### স্মার্ট নেলপলিশ

ফ্যাশনেও প্রযুক্তির চমক। বিদ্যুতের সাহায্যে নখের রং বদলাবে স্মার্ট নেলপলিশ। এক নেলপলিশেই বিভিন্ন রং ব্যবহার করতে পারবেন।

### আল্ট্রা-থিন ফোল্ডেবল স্মার্টফোন

প্রযুক্তি দ্রুত বদলে যাচ্ছে। আগামী দিনে আরও পাতলা ও ভাঁজ করা যায় এমন ফোন বাজারে আসছে। ফোন খুললে বড় স্ক্রিনের মতো ব্যবহার করা যাবে, আবার ভাঁজ করে সহজেই পকেটে রাখা যাবে। উন্নত ডিসপ্লে প্রযুক্তি, শক্তিশালী প্রসেসর, উন্নত ক্যামেরা এবং দীর্ঘস্থায়ী ব্যাটারি থাকবে।

### আর স্মার্ট গ্লাস

এআর বা অগমেন্টেড রিয়্যালিটি প্রযুক্তির চশমা ভবিষ্যতের অন্যতম আকর্ষণীয় গ্যাজেট হতে চলেছে। এই চশমা চোখে পরলে বাস্তব জগতের ওপর বিভিন্ন ডিজিটাল তথ্য দেখা যাবে। যেমন ধরুন অচেনা জায়গায় নেভিগেশন পাওয়া, মেসেজ বা নোটিফিকেশন সরাসরি চশমার লেন্সে দেখা যেতে পারে। এতে স্মার্টফোন বারবার হাতে নেওয়ার প্রয়োজন কমে যাবে।

### মাল্টি-পোর্ট স্মার্ট চার্জার

স্মার্টফোন, ট্যাবলেট, স্মার্টওয়াচ বা ইয়ারফোন আলাদা আলাদা সবকিছুর চার্জ দিতে বিরক্ত লাগে? এবার এই ঝামেলার দিন শেষ। ইতিমধ্যে বাজারে এসেছে মাল্টি-পোর্ট চার্জার। যা ব্যবহার করলে একসঙ্গে কয়েকটি ডিভাইস চার্জ দিতে পারবেন। এতে সময় যেমন বাঁচবে, তেমন চার্জিং আরও সহজ হয়ে ওঠে।

### আল্ট্রাসনিক শেফ’স নাইফ

রান্নাঘরের সাধারণ ছুরি এখন প্রযুক্তির ছোঁয়ায় হয়ে উঠছে আরও স্মার্ট। আল্ট্রাসনিক শেফ’স নাইফ দেখতে আর পাঁচটা রান্নার ছুরির মতো হলেও এর ব্লেডে থাকে সূক্ষ্ম আল্ট্রাসনিক কম্পন। পাইজোইলেকট্রিক সিরামিক ক্রিস্টালের মাধ্যমে এই কম্পন তৈরি হয়, ফলে খুব সহজে ও নিখুঁতভাবে খাবার কাটা যায়। ব্যবহারকারী হাতে তেমন কম্পন অনুভব করেন না এবং শব্দও প্রায় শোনা যায় না।




## যূকো বৈংক UCO BANK
## ইউকো ব্যাঙ্ক

শাখা অফিস: ইউকো ব্যাঙ্ক, এফসিসি আশ্রম রোড, আহমেদাবাদ, পিন কোড–৩৮০০০৯
ই–মেল: ahnmcc@uco.bank.in

## রুল ৮(৬) স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর সম্পত্তির ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে ইউকো ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)–এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিগুলি ইউকো ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)–এর অনুমোদিত (প্রতীকী/ বাস্তবিক) দখল নিয়েছেন এবং ঋণগ্রহীতা **মেসার্স জিআইটি টেক্সটাইলস ম্যানুফ্যাকচারিং লিমিটেড** এবং শ্রীমতী জিনিয়া দেবী তুলসিয়ান (প্রয়াত), শ্রীমতী জিনিয়া দেবী তুলসিয়ান–এর সকল আইনি উত্তরাধিকারী ও আইনি প্রতিনিধির (জামিনদারগণ, নীচে উল্লেখমতো) থেকে **২৬.০৯.২০১৬ তারিখের ভিত্তিতে** ইউকো ব্যাঙ্কের (সুরক্ষিত ঋণদাতা) পাওনা বাবদ **₹৪১,৬৬,৯৬,৫৫৮.৮৭ (একচল্লিশ কোটি ছেষট্টি লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশো আটান্ন টাকা এবং সাতাশি পয়সা মাত্র), তৎসহ ২৭.০৯.২০১৬** থেকে উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল ইত্যাদি পুনরুদ্ধারের জন্য উক্ত সম্পত্তিগুলি ২৮.০৪.২০২৬ তারিখে ‘যেখানে যেমন আছে’, ‘যেভাবে আছে’ এবং ‘যা কিছু আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে।

| ঋণগ্রহীতাগণ ও জামিনদারগণের নাম এবং ঠিকানা | ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দাবিকৃত অর্থাঙ্ক | ক) দখলের তারিখ খ) দখলের ধরন | ক) সংরক্ষণ মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড বাড়ানোর মূল্য | আদায়যোগ্য অর্থাঙ্ক | সম্পত্তির বিবরণ |
|---|---|---|---|---|---|
| **ঋণগ্রহীতা(গণ):** মেসার্স জিআইটি টেক্সটাইলস ম্যানুফ্যাকচারিং লিমিটেড জামিনদার(গণ): শ্রীমতী জিনিয়া দেবী তুলসিয়ান (প্রয়াত), আইনি উত্তরাধিকারীগণ: ১. রাধে শ্যাম তুলসিয়ান (প্রয়াত), আইনি উত্তরাধিকারীগণ: ১.১ কুসুম তুলসিয়ান ১.২ সঞ্জীব তুলসিয়ান ১.৩ সিদ্ধার্থ তুলসিয়ান ২. সুশীলা গণেরিওয়ালা ৩. রেখা গোয়েঙ্কা ৪. মধু সঙ্গানেরিয়া ৫. বীণা পাসারি ৬. রিতা সারোগি ৭. বেলা শরাফ এবং শ্রীমতী জিনিয়া দেবী তুলসিয়ানের (প্রয়াত) সকল আইনি উত্তরাধিকারী ও আইনি প্রতিনিধি | ক) ১৫.০৯.২০২৩ খ) ₹৪১,৬৬,৯৬,৫৫৮.৮৭ (একচল্লিশ কোটি ছেষট্টি লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশো আটান্ন টাকা এবং সাতাশি পয়সা মাত্র), ২৬.০৯.২০১৬ তারিখের ভিত্তিতে, তৎসহ ২৭.০৯.২০১৬ থেকে উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল | ক) ২০.০৬.২০২৫ খ) বাস্তবিক দখল | ক) ₹১,১৩,৮৭,০০০.০০ খ) ₹১১,৩৮,৭০০.০০ গ) ₹১০,০০০.০০ | ₹৪১,৬৬,৯৬,৫৫৮.৮৭ (একচল্লিশ কোটি ছেষট্টি লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশো আটান্ন টাকা এবং সাতাশি পয়সা মাত্র), ২৬.০৯.২০১৬ তারিখের ভিত্তিতে, তৎসহ ২৭.০৯.২০১৬ থেকে উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল | নিম্নবর্ণিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ: ‘ফ্ল্যাট নং ২সি এবং ২ডি, ফ্লোর নং ২, ‘শক্তি অ্যাপার্টমেন্টস’, সুপার বিল্ট আপ এরিয়া ২৬৩১ বর্গফুট, তৎসহ মেজানিন ফ্লোর স্পেস নং ১৮ ও ১৯ এবং কভার্ড কার পার্কিং স্পেস নং সি–২ এবং ওপেন কার পার্কিং স্পেস নং ও–৫, গ্রাউন্ড ফ্লোরে, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বার্থ ভোগদখলের সমানাধিকার, প্রেমিসেস নং ১৯বি, বিনোবা ভাবে রোড, কলকাতা, থানা– বেহালা, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১৯ নং ওয়ার্ডের এলাকাধীন, মৌজা– সাহাপুর, জে এল নং ৮, আর এস নং ১৭৯, তৌজি নং ৯৩, ১০১, পূর্বতন প্রেমিসেস নং ৬৬, আর এস খতিয়ান নং ১৪৯, আর এস দাগ নং ১৩৭, বাস্তু জমি, পরিমাপ– ১০ কাঠা। সম্পত্তির স্বত্বাধিকারিণী: শ্রীমতী জিনিয়া দেবী তুলসিয়ান (প্রয়াত), আইনি উত্তরাধিকারীগণ: ১. রাধে শ্যাম তুলসিয়ান (প্রয়াত), আইনি উত্তরাধিকারীগণ: ১.১ কুসুম তুলসিয়ান, ১.২ সঞ্জীব তুলসিয়ান, ১.৩ সিদ্ধার্থ তুলসিয়ান; ২. সুশীলা গণেরিওয়ালা; ৩. রেখা গোয়েঙ্কা; ৪. মধু সঙ্গানেরিয়া; ৫. বীণা পাসারি; ৬. রিতা সারোগি; ৭. বেলা শরাফ; এবং শ্রীমতী জিনিয়া দেবী তুলসিয়ানের (প্রয়াত) সকল আইনি উত্তরাধিকারী ও আইনি প্রতিনিধি।’ |

**ই–নিলাম বিক্রির তারিখ ও সময়:**
**২৮.০৪.২০২৬, সকাল ১০টা থেকে সন্ধে ৬টা**
(প্রতি ক্ষেত্রে ১০ মিনিটের সীমাহীন স্বতঃ সম্প্রসারণে এবং বিড বাড়ানো যাবে ₹১০,০০০.০০ এর গুণিতকে)
**ইএমডি সমেত বিড জমার শেষ তারিখ ও সময়: ২৭.০৪.২০২৬, সকাল ১০টা থেকে সন্ধে ৬টা**

জানা দায় সম্পর্কিত তথ্য: শূন্য

**শর্ত ও নিয়মাবলি:**

১. এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলি সাপেক্ষ হবে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলি নিম্নলিখিত ওয়েবসাইট/ওয়েব পোর্টালে দেওয়া আছে:
ক) https://baanknet.com
খ) https://www.ucobank.com

২. সম্পত্তিগুলি **‘যেখানে যেমন আছে’, ‘যেভাবে আছে’ এবং ‘যা কিছু আছে তা’** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।

৩. ওপরের তফসিলে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে দেওয়া হয়েছে। তবে, এই ঘোষণাপত্রে কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে বাধ্য থাকবেন না।

৪. **https://baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা এই বিক্রি ২৮.০৪.২০২৬ তারিখ সকাল ১০টা থেকে সন্ধে ৬টার মধ্যে পরিচালিত হবে।

৫. এই নিলামে প্রতিনিধি নিয়োগ করা এবং নিজেদের জন্য বিড করা ও অংশ নেওয়ানোর অধিকার এই ব্যাঙ্কের থাকবে।

**ই–নিলাম বিক্রির অন্যান্য শর্ত ও নিয়মাবলি**

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলি সহ নিম্নবর্ণিত শর্তগুলি সাপেক্ষ হবে:

১. এই নিলাম বিক্রি **https://baanknet.com** পোর্টালের মাধ্যমে **২৮.০৪.২০২৬ তারিখে সকাল ১০টা থেকে সন্ধে ৬টার** মধ্যে প্রতি ক্ষেত্রে দশ মিনিটের সীমাহীন সম্প্রসারণ সমেত **‘অনলাইন ই–নিলাম’** বিডিং পদ্ধতিতে আয়োজিত হবে।

২. আগ্রহী যে সকল দরদাতার লগইন আইডি এবং পাসওয়ার্ড তৈরি, তথ্য আপলোড, দরপত্রের নথি জমা দেওয়া, প্রশিক্ষণ/প্রদর্শন, অনলাইন আন্তঃবিডিংয়ের শর্তাবলি ইত্যাদিতে সহায়তার প্রয়োজন, তাঁরা **https://baanknet.com** ওয়েবসাইটটি দেখতে পারেন।

৩. আগ্রহী দরদাতাদের নিশ্চিত করতে হবে যে তাঁরা ই-নিলাম ওয়েবসাইটে নিজেদের নিবন্ধিত করেছেন এবং **https://baanknet.com**-এ প্রদত্ত নির্দেশিকা অনুসারে পরিষেবা প্রদানকারীর দ্বারা তৈরি ভার্চুয়াল ওয়ালেটে তাঁদের বায়না অর্থাঙ্ক জমা করেছেন।

৪. ই–নিলাম প্ল্যাটফর্মটি ই-নিলাম পরিষেবা প্রদানকারী, মিস পিএসবি অ্যালায়েন্স দ্বারা সরবরাহ করা হবে, যার নিবন্ধিত অফিস ইউনিট ১, ফ্লোর নং ৩, ভিআইওএস কমার্শিয়াল টাওয়ার, ওয়াডালা ট্রাক টার্মিনালের কাছে, ওয়াডালা পূর্ব, মুম্বই–৪০০০৩৭ (যোগাযোগ নম্বর: +৯১ ৮২৯১২ ২০২২০ এবং ই–মেল: **psba@psballance.com**)। ইচ্ছুক দরদাতা/ক্রেতাদের ই-নিলাম পরিষেবা প্রদানকারীর ওয়েবসাইট, URL: **https://baanknet.com**-এ ই-নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে। লগইন এবং নিবন্ধনের জন্য সম্পূর্ণ ক্রেতা নির্দেশিকা এবং দরপত্র প্রক্রিয়া এবং পদ্ধতি পরিষেবা প্রদানকারীর ওয়েবসাইটেও পাওয়া যাবে।

৫. **সম্পত্তিটি সংরক্ষিত মূল্যের কমে বিক্রি করা হবে না এবং দরদাতারা তাঁদের পরবর্তী অফারগুলি ₹১০,০০০.০০ এর গুণিতকে উন্নত করতে পারবেন।**

৬. উপরোক্ত সম্পত্তি(গুলি) এর ই-নিলাম দরদাতাদের মধ্যে আন্তঃবিডিংয়ের মাধ্যমে সম্পত্তি (গুলি) এর বিপরীতে উল্লিখিত নির্ধারিত তারিখ এবং সময়ে পরিচালিত হবে। দরদাতারা ‘বিড বৃদ্ধির পরিমাণ’ কলামের অধীনে উল্লিখিত পরিমাণের গুণিতকে তাদের প্রস্তাব উন্নত করবেন। দরদাতাদের ধারাবাহিক **উচ্চতর দর দেওয়ার জন্য দশ (১০) মিনিট** সময় দেওয়া হবে। দরাদরি শেষ হওয়ার আগে শেষ সর্বোচ্চ দর প্রাপ্তির সময় থেকে শেষ সর্বোচ্চ দর পর্যন্ত দরাদরি স্বয়ংক্রিয়ভাবে বর্ধিত হবে **(প্রতিটি সর্বোচ্চ ১০ মিনিটের সীমাহীন বর্ধিতকরণ সাপেক্ষে)**। বন্ধের সময় বৃদ্ধির ক্ষেত্রে, যদি দশ মিনিটের মধ্যে কোনও দরদাতা সর্বশেষ সর্বোচ্চ দরাদরি পর্যন্ত কোনও উচ্চতর দরপ্রস্তাব না দেন, **তাহলে ই–নিলাম বন্ধ করা হবে। অন্যভাবে বললে, এই বিক্রয় বিজ্ঞপ্তিতে উল্লিখিত বন্ধের সময় ই–নিলাম বন্ধ করা হবে যদি শেষ সর্বোচ্চ দর দেওয়ার দশ মিনিটের মধ্যে কোনও দর না পড়ে, যেখানে শেষ সর্বোচ্চ দর দশ মিনিট আগে গৃহীত হয়েছিল।**

৭. ইচ্ছুক দরদাতাদের দায়িত্ব হল সম্পত্তি বিক্রয় বিজ্ঞপ্তি, ই-নিলামের শর্তাবলি, ই–নিলামের পরিচালনার অংশে সহায়তা ম্যানুয়ালটি পড়া এবং কঠোরভাবে অনুসরণ করা। সহায়তা বিজ্ঞপ্তির কোনও অসুবিধা বা প্রয়োজনের ক্ষেত্রে বা ই–নিলাম প্রক্রিয়া চলাকালীন দরদাতা আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারীর **(URL: https://baanknet.com)** অনুমোদিত প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করতে পারেন। যার বিবরণ ই–নিলাম পোর্টালে পাওয়া যাবে।

৮. অনুমোদিত কর্মকর্তা কর্তৃক ই–নিলাম চূড়ান্ত করার পর, আমাদের উপরোক্ত পরিষেবা প্রদানকারী কর্তৃক কেবলমাত্র সফল দরদাতাকে তাদের প্রদত্ত কোনও ই–মেল আইডি/ পরিষেবা প্রদানকারীর সঙ্গে নিবন্ধিত না থাকা অবস্থায় মোবাইলে এসএমএস/ ই–মেলের মাধ্যমে অবহিত করা হবে।

৯. সফল দরদাতার বায়না জমা (ইএমডি) আংশিক বিক্রয় বিবেচনার জন্য রাখা হবে এবং সফল দরদাতাদের ইএমডি স্বয়ংক্রিয়ভাবে সিস্টেম দ্বারা তাঁদের ওয়ালেটে ফেরত দেওয়া হবে, যখন অনুমোদিত আধিকারিক সফল দর গ্রহণের সিদ্ধান্ত সিস্টেমে রেকর্ড করা হবে। **ইএমডি–র ওপর কোনও সুদ দেওয়া হবে না**। সফল দরদাতাকে নিলাম মূল্যের ২৫%, অনুমোদিত আধিকারিক কর্তৃক দর গ্রহণের ২৪ ঘন্টার মধ্যে, ইতিমধ্যে প্রদত্ত ইএমডি বাদ দিয়ে এবং বাকি ৭৫% বিক্রয় মূল্য **অ্যাকাউন্ট নং: ১৯৯৮০২১০০০৬৪৯-এ জমা দিতে হবে। অ্যাকাউন্টের নাম: আরটিজিএস কারেন্ট অ্যাকাউন্ট, আইএফএসসি: UCBA0001998,** বিক্রয় নিশ্চিতকরণের ১৫তম দিন বা তার আগে অথবা ক্রেতা এবং অনুমোদিত আধিকারিক দ্বারা লিখিতভাবে সম্মত বর্ধিত সময়ের মধ্যে (অনুমোদিত আধিকারিকের একক বিবেচনার ভিত্তিতে) যে কোনও ক্ষেত্রে তিন মাসের বেশি নয়। যদি এই ধরণের কোনও বর্ধিত মেয়াদ অনুমোদিত হলে, **সফল দরদাতার জমাকৃত অর্থের ওপর কোনও সুদ প্রযোজ্য হবে না**। সর্বোচ্চ এবং সফল দরদাতা যদি অর্থ প্রদানে ব্যর্থ হন, তাহলে দরদাতার ইতিমধ্যে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং সম্পত্তি পুনঃনিলামে তোলা হবে এবং খেলাপি দরদাতার সম্পত্তি বা বিক্রয়মূল্যের ওপর কোনও দাবি/অধিকার থাকবে না।

১০. **আয়কর আইন, ১৯৬১–এর ধারা ১৯৪-১এ এর অধীনে সফল দরদাতা কর্তৃক ব্যাঙ্কে বিক্রয়মূল্য পরিশোধের ওপর টিডিএস প্রযোজ্য হবে এবং সফল দরদাতাকে কেবলমাত্র বিডের পরিমাণের অবশিষ্ট ৭৫% / বিড অর্থাঙ্কের সম্পূর্ণ জমা জমা দেওয়ার সময় টিডিএস প্রদান করতে হবে এবং এটি বিক্রয় মূল্য পরিশোধের পরিমাণের ওপরে হবে।**

১১. **অনুমোদিত কর্মকর্তা গ্রহণযোগ্য না হলে যে কোনো দরপত্র গ্রহণ বা প্রত্যাখ্যান করার, অথবা নিলামের শর্তাবলি পরিবর্তন করার অথবা যে কোনও সময় নিলাম স্থগিত/বাতিল/বন্ধ করার অধিকার সংরক্ষণ করেন, কোনও কারণ দর্শানো ছাড়াই এবং কোনও খরচ বা ক্ষতিপূরণ ছাড়াই এবং এই বিষয়ে অনুমোদিত কর্মকর্তার সিদ্ধান্তই অন্তিম ও চূড়ান্ত হবে।**

১২. সারফায়েসি আইন, ২০০২ এবং এর অধীনে প্রণীত বিধিমালার বিধান মেনে সম্পূর্ণ দরপত্রের পরিমাণ জমা দেওয়ার পর, বিক্রয় শংসাপত্রটি শুধুমাত্র সফল দরদাতার পক্ষে জারি করা হবে, তাঁর মনোনীত (গণ) বা প্রতিনিধির পক্ষে নয়।

১৩. সম্পত্তির সঙ্গে সম্পর্কিত বিদ্যমান এবং ভবিষ্যতের বিক্রয় শংসাপত্র নিবন্ধন সহ স্ট্যাম্প শুল্ক চার্জ ক্রেতাদের বহন করতে হবে। বিক্রয় শংসাপত্র শুধুমাত্র সফল দরদাতাদের নামে জারি করা হবে।

১৩. ক্রেতারা সম্পত্তির সঙ্গে সম্পর্কিত বিদ্যমান এবং ভবিষ্যতের বিক্রয় সার্টিফিকেট নিবন্ধন–সহ স্ট্যাম্প শুল্ক চার্জ বহন করবেন। **বিক্রয় সার্টিফিকেট শুধুমাত্র সফল দরদাতার নামে জারি করা হবে।**

১৪. সমস্ত আইনগত পাওনা/পরিচারক চার্জ/রেজিস্ট্রেশন চার্জ, স্ট্যাম্প ডিউটি, কর, ফি, জ্ঞাত দায়বদ্ধতার অধীনে নির্দিষ্ট খরচ ইত্যাদি সহ অন্যান্য পাওনা ক্রেতাকে নিজেই বহন করতে হবে।

১৫. দরপত্র জমা দেওয়ার আগে সম্পত্তি এবং স্পেসিফিকেশন পরিদর্শন এবং তাদের সন্তুষ্টি অর্জন করা দরদাতাদের দায়িত্ব হবে। আগ্রহী ক্রেতা **২৪.০৪.২০২৬ তারিখে বা তার আগে সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত আগাম অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে সম্পত্তি পরিদর্শন করতে পারবেন। অনুগ্রহপূর্বক শ্রী অরুণ কুমার পাত্র, মোবাইল নম্বর: ৭৮৯৪৯৪২০২৪ (অনুমোদিত আধিকারিক), ই-মেল: arbkol@uco.bank.in**–এর সঙ্গে যোগাযোগ করুন।

১৬. অনুমোদিত আধিকারিকের জ্ঞান এবং তথ্য অনুসারে, **সম্পত্তির ওপর নিরাপত্তা স্বার্থকে প্রভাবিত করে এমন কোনও দায়বদ্ধতা নেই**। তবে, ইচ্ছুক দরদাতাদের তাঁদের দর জমা দেওয়ার আগে তাদের নিজস্ব অনুসন্ধান/তদন্ত পরীক্ষা করা উচিত এবং সম্পত্তির মালিকানা, দাবির অধিকার/পাওনা/দায়বদ্ধতা ইত্যাদি সম্পর্কে নিজেদের সন্তুষ্ট করা উচিত। **ই–নিলাম বিজ্ঞাপনটি ব্যাঙ্ক বা অনুমোদিত আধিকারিকের পক্ষ থেকে কোনও প্রতিশ্রুতি বা কোনও প্রতিনিধিত্ব গঠন করে না এবং এটিকে ব্যাখ্যা করে বলে মনে করা হবে না। সম্পত্তিটি ব্যাঙ্কের জানা বা অজানা সমস্ত বিদ্যমান এবং ভবিষ্যতের দায়বদ্ধতা সহ বিক্রি করা হচ্ছে। অনুমোদিত আধিকারিক/ সুরক্ষিত ঋণদাতা কোনওভাবেই তৃতীয় পক্ষের অধিকার/ দাবি/ চার্জ/ লিয়েন/ পাওনা/ দায়বদ্ধতার জন্য দায়ী থাকবে না।**

১৭. ই–নিলামে রাখা সম্পত্তির জন্য দরপত্র দাখিলের আগে দরদাতাকে যথাযথ ইন্টারনেট সংযোগ, পাওয়ার ব্যাকআপ ইত্যাদি নিশ্চিত করতে হবে। ইন্টারনেট বিভ্রাট, বিদ্যুৎ বিভ্রাট বা প্রযুক্তিগত কারণ/আকস্মিক কারণে ই–নিলামে প্রভাব ফেললে ব্যাঙ্ক কোনও ধরণের ব্যাঘাতের জন্য দায়ী থাকবে না।

১৮. যদি কোনও প্রশাসনিক জরুরি অবস্থার কারণে বা এই ধরনের পরিবর্তনের প্রয়োজনীয় কোনও ঘটনার কারণে ই–নিলামের তারিখ এবং সময় পরিবর্তিত হয়, তাহলে ব্যাঙ্ক পরিষেবা প্রদানকারীর মাধ্যমে নিবন্ধিত ইমেল ঠিকানায় অথবা পরিষেবা প্রদানকারীর কাছে নিবন্ধিত তাঁদের প্রদত্ত মোবাইল নম্বর, ই–মেল আইডি বা এসএমএস–এর মাধ্যমে দরদাতাদের অবহিত করার চেষ্টা করবে।

১৯. **ই–নিলামে অংশগ্রহণের জন্য নিজ বিড জমা দেওয়ার জন্য প্রতিনিধি নিয়োগের অধিকার ব্যাঙ্কের থাকবে।**

২০. **এই বিজ্ঞপ্তিটি বিশেষত সম্পর্কিত ঋণগ্রহীতা, জামিনদার এবং জনসাধারণের প্রতিও একটি নোটিস।**

তারিখ: ১৩.০৩.২০২৬ / স্থান: কলকাতা

স্বাঃ– অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক